

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(www.moca.gov.bd)

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.৩১.০০১.১৯. ৫৮৩

৪ কার্তিক ১৪২৬  
২০ অক্টোবর ২০১৯

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন  
৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : নেত্রকোনা জেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ে 'সংস্কৃতি চর্চা' কার্যক্রম পরিচালনার জন্য জুলাই-২০১৯ থেকে ডিসেম্বর-২০১৯ পর্যন্ত প্রশিক্ষক ও তবলচির সম্মানি বাবদ অর্থ মঞ্জুরি।

দেশজ সংস্কৃতি, কৃষ্টি, সমকালীন শিল্প ও সাহিত্য সুরক্ষণ এবং সংস্কৃতিমনস্ক জাতি গড়ে তোলার লক্ষ্যে দেশের মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে চলতি ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ হতে জুলাই-২০১৯ থেকে ডিসেম্বর-২০১৯ পর্যন্ত নেত্রকোনা জেলার নিম্নবর্ণিত ১০টি বিদ্যালয়ে 'সংস্কৃতিচর্চা' কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ১০টি স্কুলের ১০ জন প্রশিক্ষক ও ১০ জন তবলচির ৬ মাসের (জুলাই/২০১৯-ডিসেম্বর/২০১৯) সম্মানি {(প্রশিক্ষক সম্মানি ২,০০০×১০×৬=১,২০,০০০/-) + (তবলচির সম্মানি ১,৫০০×১০×৬=৯০,০০০/-)} টাকা সর্বমোট ২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার) টাকা মঞ্জুরি প্রদান করা হলো:


ক্রমিক	স্কুলের নাম ও ঠিকানা
১.	নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা।
২.	নেত্রকোনা কালেক্টরেট স্কুল, সদর, নেত্রকোনা।
৩.	মোহনগঞ্জ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা।
৪.	পূর্বধলা জে এম পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা।
৫.	কলমাকান্দা পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা।
৬.	বানিয়াজান সরকারি সিটি পাইলট উচ্চ বিদ্যালয়, আটপাড়া, নেত্রকোনা।
৭.	শালদিঘা গোপাল গোপীনাথ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা।
৮.	জাহাঙ্গীরপুর টি আমিন পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, মদন, নেত্রকোনা।
৯.	বারহাট্টা সি.কে.পি পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, বারহাট্টা, নেত্রকোনা।
১০.	রাণীখং উচ্চ বিদ্যালয়, দুর্গাপুর, নেত্রকোনা।

শর্তাবলী :

- ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
  - খ) এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
  - গ) ব্যয় বিবরণীসহ 'সংস্কৃতি চর্চা' কার্যক্রম সম্পর্কে একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-কে নেত্রকোনা জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমির অনুকূলে সর্বমোট ২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার) টাকা বরাদ্দের জন্য সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে পেমেন্ট অর্থরীতি প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
  - ৩। বরাদ্দকৃত অর্থ নেত্রকোনা জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি আর্থিক বিধি বিধান অনুযায়ী ব্যয়ের বিল ভাউচারের মাধ্যমে সরাসরি বিল দাখিল করে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে উত্তোলন করে সংশ্লিষ্ট স্কুলসমূহের প্রধান শিক্ষকের মাধ্যমে বিতরণ করবেন এবং বিল-ভাউচার পরবর্তী অডিটের নিমিত্ত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করবেন।



৪। উক্ত ব্যয় ২০১৯-২০ অর্থবছরের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পরিচালন কার্যক্রমের আওতায় সাধারণ কার্যক্রমাদীন ১৩৪০১০১১১৯১৩৪-৩৮২১১১৫ - সাংস্কৃতিক মঞ্জুরি খাতের বরাদ্দ হতে মিটানো হবে। এতে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


  
টি এম মুছা তালুকদার  
সিনিয়র সহকারী সচিব  
ফোন- ৯৫৪৬০৫৫

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.৩১.০০১.১৯. ৫৫৬

৪ কার্তিক ১৪২৬  
২০ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।
- ২। উপসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আইবাস মডিউলে এন্ট্রির অনুরোধসহ)।
- ৩। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, নেত্রকোনা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নেত্রকোনা।
- ✓ ৮। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মঞ্জুরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৯। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, নেত্রকোনা (জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমিকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য)।
- ১০। অতিরিক্ত সচিবের (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। প্রধান শিক্ষক, .....
- ১২। হিসাবরক্ষক, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। অফিস কপি।

  
টি এম মুছা তালুকদার  
সিনিয়র সহকারী সচিব  
20/10/19